গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা
www.dls.gov.bd

নম্বর: ৩৩.০১.০০০০.৭৭৭.৯৬.০০১.২১.২৭

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

**অফিস আদেশ**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৫-১৭ সেপ্টেম্বর,২০২১ খ্রিঃ তারিখে এটুআই কর্তৃক আয়োজিত কর্মশালায় প্রাণিসম্পদ অধিদপ্তরের **"পশুখাদ্য আমদানি, সংরক্ষণ ও বাজারজাতকরণ (ক্যাটাগরি-২) লাইসেন্স প্রদান"** বিষয়ক একটি নাগরিক সেবা সহজিকরণ করার প্রস্তাব গ্রহণ করা হয়। পরবর্তীতে ০৭/১০/২০২১ তারিখে পরিচালক, প্রশাসন,প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক এখন থেকে সেবাটি সহজিকৃত পদ্ধতিতে আগামী ০১ জানুয়ারী ,২০২২ খ্রিঃ তারিখ থেকে কার্যকর হবে।

সংযুক্তিঃ

১) সেবা সহজিকরণ বিশ্লেষণ ফরম
২) সভার কার্যবিবরণী

৩০-১২-২০২১
ডা: মনজুর মোহাম্মদ শাহজাদা
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

নম্বর: ৩৩.০১.০০০০.৭৭৭.৯৬.০০১.২১.২৭/১(৫)

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২) পরিচালক, প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর
৩) পরিচালক (সকল), বিভাগীয় প্রাণিসম্পদ
৪) দপ্তর সকল বিভাগ।
৫) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল), জেলা প্রাণিসম্পদ দপ্তর, সকল জেলা।

৩০-১২-২০২১
ডা: মনজুর মোহাম্মদ শাহজাদা
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫ ।

তাং-০৪.১১.২০২১

স্মারক নং- ৩৩.০১.০০০০.৭৭৭.১৬.০০৩.২০২১.৫৭৫

বিষয়ঃ "পশুখাদ্য আমদানি, সংরক্ষণ ও বাজারজাতকরণ (ক্যাটাগরি-২) লাইসেন্স প্রদান" বিষয়ক সেবাসহজিকরন সংক্রান্ত সভা আয়োজন প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৭/১১/২০২১ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় "পশুখাদ্য আমদানি, সংরক্ষণ ও বাজারজাতকরণ **(ক্যাটাগরি-২)** লাইসেন্স প্রদান" বিষয়ক সেবা সহজিকর সংক্রান্ত সভা পরিচালক প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর সাহেবের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো

০৪/১১/২১

(ডাঃ দেবাশীষ দাশ)
পরিচালক প্রশাসন
ও ইনোভেশন অফিসার
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি-

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
২। চীফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৩।ডা: মো: মাহবুবুল আলম ভূঞা, উপপরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৪। ডা: পল্লব কুমার দত্ত, উপপরিচালক, মানব সম্পদ উন্নয়ন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৫। ডা: মো: শাহিনুর আলম, উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য , প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৬। জিনাত সুলতানা, উপপরিচালক, খামার, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৭। ডাঃ মোঃ রফিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, সংযুক্তি- প্রশাসন শাখা প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৮। মোঃ শামীম হোসেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ,সংযুক্তি- প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৯। ডাঃ মোহাম্মদ গাজী শাহ্ আলম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ, সংযুক্তি- প্রাণিস্বাস্থ্য শাখাপ্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

**"পশুখাদ্য আমদানি, সংরক্ষণ ও বাজারজাতকরণ (ক্যাটাগরি-২) লাইসেন্স প্রদান" বিষয়ক সেবা সহজিকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডাঃ দেবাশীষ দাশ<br>পরিচালক, প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। |
| সভার তারিখ ও সময় | : | ০৭/১১/২০২১ খ্রিঃ; সকাল- ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | পরিচালক, প্রশাসন মহোদয়ের কক্ষ |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ডাঃ মোঃ রফিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তরকে ১৫-১৭ সেপ্টেম্বর,২০২১ খ্রিঃ তারিখে এটুআই কর্তৃক আয়োজিত সেবা সহজিকরণ কর্মশালায় প্রস্তাবিত সেবা সহজিকরণ সংক্রান্ত কার্যক্রম সংক্ষিপ্তভাবে উপস্থাপন করার অনুরোধ করেন।

২। ডাঃ মোঃ রফিকুল ইসলাম, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সেবাটি সহজিকরণের যৌক্তিকতা, সেবাপ্রাপ্তির মৌলিক তথ্যাদি, বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ, বিদ্যমান পদ্ধতির প্রসেস ম্যাপ (Process Map), বিদ্যমান সমস্যা সমাধানে ক্যাটাগরিভিত্তিক প্রস্তাবনা, তুলনামূলক বিশ্লেষণ (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা), প্রস্তাবিত প্রসেস ম্যাপ, TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা, বাস্তবায়নের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ইত্যাদি বিষয়ের উপর সম্যক ধারণা প্রদান করেন।

সভাপতি উপস্থিত সকলের নিকট উক্ত বিষয়ে সবার মতামত আহবান করেন। উপস্থিত সকল সদস্যের বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত করা হয়ঃ

১) "পশুখাদ্য আমদানি, সংরক্ষণ ও বাজারজাতকরণ (ক্যাটাগরি-২) লাইসেন্স প্রদান" সেবাটি ০১ জানুয়ারী'২০২২ খ্রিঃ তারিখ থেকে পাইলটিং এবং ০১ লা মার্চ'২০২২ খ্রিঃ তারিখ থেকে পুরো অধিক্ষেত্রে বাস্তবায়ন করা হবে।

২) সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট ভেটেরিনারি অফিসার, সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাসহ মোট ০৩ সদস্যের পরিদর্শন কমিটি পুনঃগঠনের সিদ্ধান্ত হয়।

৩) সেবা প্রদান প্রতিশ্রুতি ( সিটিজেন'স চার্টার) -তে উক্ত সেবা প্রদানের সর্বোচ্চ সময় ৬০ কার্যদিবসের পরিবর্তে ৪৮ কার্যদিবস করা হবে।

৪) ০৭ ধরনের নিম্নোক্ত কাগজ পত্রাদি আবেদনের সাথে দাখিল করতে হবে।

ক) নির্ধারিত ফরমে আবেদন
(প্রাপ্তিস্থান: পশুখাদ্য বিধিমালা, ২০১৩ এর তফসিল-১১, ফরম-২ এবং www.dls.gov.bd)
খ) ছবি
গ) জাতীয় পরিচয়পত্র (NID)
ঘ) মানসম্মত সংরক্ষণাগার ও ধারন ক্ষমতার বিবরণ (ডানেজ, হাইগ্রোমিটার, ফায়ার extinguisher, রুম থার্মোমিটার, এবং প্রযোজ্য ক্ষেত্রে এসি)
ঙ) হালনাগাদ ট্রেড লাইসেন্স ও আয়কর সনদ
চ) আমদানিতব্য পণ্যের নাম ও প্রোডাক্ট ব্রোশিয়ার।
ছ) ট্রেজারী চালান যাচাইকৃত

সভায় আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ডাঃ দেবাশীষ দাশ)
পরিচালক, প্রশাসন
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

**পরিশিষ্ট 'ক'**

| ক্র: নং | কর্মকর্তা/প্রতিনিধির নাম, পদবী/ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ডা: মো: মাহবুবুল আলম ভূঞা<br>উপপরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | 01711146012 | ddadmin@gmail.com | স্বাক্ষরিত |
| ০২ | ডা: পল্লব কুমার দত্ত<br>উপপরিচালক<br>মানব সম্পদ উন্নয়ন<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | 01711450633 | adtraningdls@gmail.com | স্বাক্ষরিত |
| ০৩ | ডা: মো: শাহিনুর আলম<br>উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | 01712639622 | ddhealth@gmail.com | স্বাক্ষরিত |
| ০৪ | জিনাত সুলতানা<br>উপপরিচালক, খামার,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | 01764470325 | zsultanadls@gmail.com | স্বাক্ষরিত |
| ০৫ | ডাঃ মোঃ রফিকুল ইসলাম,<br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ<br>সংযুক্তি- প্রশাসন শাখা<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | 01712164961 | rislamdls@gmail.com | স্বাক্ষরিত |
| ০৬ | মোঃ শামীম হোসেন<br>জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ<br>সংযুক্তি- প্রশাসন শাখা<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | 01715138766 | shamim.hossain@dls.gov.bd | স্বাক্ষরিত |
| ০৭ | ডাঃ মোহাম্মদ গাজী শাহ্ আলম<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>লীভ, ডেপুটেশন এন্ড ট্রেনিং রিজার্ভ পদ<br>সংযুক্তি- প্রাণিস্বাস্থ্য শাখা<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | 01716499447 | gazi84vet@gmail.com | স্বাক্ষরিত |